ঋতুরঘামিয়ী রূপসী বাংলাদেশ। বসন্ত ঋতুর পূর্বে শীত আগমন ঘটে। কুয়াশার চাদর মুড়ি দিয়ে শীত আসে আর শীতের সকাল মানব মনে এক বিচিত্র অনুভূতির সঞ্চার করে। সেই পাতাঝরা কুয়াশা মোড়া সকালের দিকে মন কেমন বিষন্ন হয়ে ওঠে। তখন শীতকে মনে হয় উদাসী এক বাউল। তার হাতে একতারা আর বৈরাগ্যের সুর কিন্তু এটাই তার একমাত্র পরিচয় নয়। শীত এসে মানুষকে আরও প্রানচঞ্চল ও আনন্দ মুখর করে তোলে। মানুষ তখন নানা সাজে নিজেকে আরও মণোহর করে তোলে। শীতের সময়ই নানা মেলা, নানা পার্বন। শীত এসে মানুষের নিরানন্দের ঢাকনাকে যখন সরিয়ে দেয় মানুষের মনে তখন খুশির ছোঁয়া। শীতের সকালের কাছে এ আমাদের বড় পাওনা।

শীতের আগমণ:

পৌষ মাঘ দুমাস শীতকাল। হেমন্তের পর শীতের আবির্ভাব অলঙ্গনীয় বিধানের মতো । শুষ্ক কাঠিন্য, পরিপূর্ণ রিক্ততা ও দিগন্ত ব্যাপী সুদূর বিষাদের প্রতিমূর্তি সে। তার তাপবিরল রূপ মূর্তিে মধ্যে প্রচ্ছন্ন থাকে এক মহামুনি অপস্বীর এবং অনন্ত বৈরাগ্যের ধূসর অঙ্গীকার। বিবর্নকাননবীথির পাতায় পাতায় নিঃশেষে ঝরে যাবার নির্মম ডাক এসে পৌঁছায়। এক সীমাহীন রিক্ততায় অসহায় ডালপালা গুলো একদিন হাহাকার করে কেঁদে ওঠে।

বৈশিষ্ট্য:

ষড়ঋতুর পঞ্চম ও উষ্ণতার গ্রীষ্মের বিপরীতে বছরের শীথলতর ঋতু শীতকাল। বাংলা বর্ষপঞ্জি অনুসারে পৌষ ও মাঘ এ দুমাস শীতকাল হলেও বাস্তবে নভেম্বর থেকে ফ্রেব্রুয়ারি প্রর্যন্ত শীত অনুভূতি হয়। শীতকাল প্রধানত শুষ্ক। শীতের রাত্রি হয় দির্ঘ। জানুয়ারি মাসে গড় তাপমাত্রা দেশের উত্তর পশ্চিমা অঞ্চলে ১১ সেলসিয়াস থেকে শুরু করে উপকূলীয় অঞ্চলে ২০-২১ সে. পর্যন্ত বজায় থাকে। প্রবল শীত প্রবাহে দেশের উত্তরাঞ্চলে অনেক সময় প্রাণহানিও ঘটে। বার্ষিক মোট বৃষ্টিপাতের মাত্র ৪ শতাংশ এই ঋতুতে সংঘঠিত হয়।

শীতের সকাল:

"হিম হিম শীত শীত/ শীত বুড়ি এলো রে,
কনকনে ঠাণ্ডায়/ দম বুঝি গেল রে।"

শীতের সকালে একটা রৌদ্রমাখা সকাল আমাদের কাছে পরম প্রতীক্ষিত হয়ে ওঠে। সবাই গেন কাকডাকা ভোর থেকে প্রতীক্ষা করতে থাকে কাঙ্খিত সূর্য দেবতার একটু ছোঁয়া পাওয়ার জন্য সূর্যমামা আলো ছড়াতে থাকে । উত্তরের হিম শীতল হাওয়া বইতে থাকে ধীরে ধীরে। বনের গাছপালা থেকৈ টুপটাপ ঝরে পড়ে ভোরের শিশির। শিশির ভেজা দূর্বা ঘাসে কিংবা টিনের চালে সূর্যালোক পড়লে মনে হয় মুক্তা ঝলমল করছে। ঘন কুয়াশী ভেদ করে কুসুম কুসুম উত্তাপ ছড়াতে সূর্যকে বেশ বেগ পেতে হয়। এ উত্তাপ ছড়ানো শুরু না হওয়া পর্যন্ত কেউ আর লেপের উষ্ণতা ছেড়ে বেরিয়ে আসতে চায় না। চোখে থাকে ঘুমের আবেশ। কত বেলা হয়েছে বোঝা যায় না।

শীতের সকালের প্রকৃতি:

উত্তর দিক থেকে হিমশীতল বাতাস এক দীর্গশ্বাসের মতো হাঠাৎ শিরশির করে বনের গাছেগুলোর পাতার ফাঁক দিয়ে বয়ে যায়। শিশির ঝরে পড়ে বনের মেঠো পথ শিশিরে সিক্ত হয়ে ওঠে। সূর্য একবোরে দক্ষিন দিকে হেরে পড়ে গোতে থাকে । অনেক সময় ঘন কুয়াশায় দূরের সব কিছু ঢেকে যায়, কিছুই দেখা যায় না। হলুদ সরষে ক্ষেতে যখন ফুল ফোটে তখন অলির গুঞ্জনে মুখর হয়ে ওঠে। খেঁজুর গাছে ঝুলতে থাকে রসের হাঁড়ি। গাছের পাতারা বিবর্ণ হয়ে ওঠে এবং বুড়িয়ে যায়। তারপর ঝরতে থাকে।

গ্রামের শীতের সকাল:

গ্রামের মানুষ শীতৈর সকালেও জেগে ওঠে। গায়ে তাদের সামান্য শীতবস্ত্র থাকে। অনেকের আবার তাও থাকে না। শীতের সকালে কম্পমান শরীরে তারা নিজ নিজ কাজে যায়। ছোট ছোট ছেলে মেয়ে ও বৃদ্ধরা আগুনের পাশে গোল

হয়ে বসে গল্পগুজাব মেতে ওঠে। সকালে মাঠের দিকে তাকালে সবুজের সমারোহ মনটা উদ্বেলিত হয়ে ওঠে । ছেলে মেয়ে খড়ের আগুনে আলু পুড়িয়ে তাদের রসনা তৃপ্ত করে।

শীতের সকালে গরিব লোকের অবস্থা:
শীত যমন আনন্দের ঋতু, তেমনি কষ্টের ও । গরিব লোকেরা গরম কাপড় কিনতে পারে না বলে শীতের সকালে তাদের দুঃখ কষ্টের সীমা থাকে না। আবার এমনও অনেক লোক আছে যাদের ঘরবাড়ি নেই তারা রাস্তায় বা ফুটপাতে ঘুমায়। তাদের জন্য শীত এক অভিশাপ।

শীতের সকালে খাবার দাবার:
শীতের সকালে রকমারি খাবার তৈরি হয়। গাঁয়ের প্রতিটি ঘরে লেগে যায় পিঠা তৈরির ধুম। শীতের সকালে নরম রোদে বসে ভাপাপিঠা খাওয়ার আনন্দ বোধ হয় সবারি জানা। শুধু গ্রামের নয় শহরের বিভিন্ন রাস্তায় মোড়েও ভাপাপিঠা, রসপিঠা, তেলের পিঠা বিক্রি হয়। টমেটো, গাজর, কপি, বরবটি, পালং, মুলেঅ, পিঁয়াজ, আলু, রসুন সবাই শীতের ফসল। কই, মাগুর, শিং এ সময় প্রচুর পরিমাণে পাওয়া যায়। গাঁদা ও সূর্যমুখি ফুল এ সময় ফোটে।

উপসংহার:
শীতের সকাল সারা উংরের মধ্যে এক ব্যতিক্রমী বৈশিষ্ট্য নিয়ে ধরা দেয় সবার কাছে, সবার কাছে উপভোগ। কুয়াশা বা নরম রোদ যাই হোক না কেন শীতের সকালি কিছুটা স ময় মানুষকে কর্মের চাপ থেকে দূরে রেখে আনন্দ মগ্ন হবার সুযোগ দেয়। সময়ের পরিধি বিবেচনায় শীতের সকাল তেমন দীর্ঘ কিছু নয়। কিন্তু বৈশিষ্ট্যের প্রভাবে তা মানব জীবনে তাৎপর্য পূর্ণ। শীতের সকাল শেষ হয়ে যায় কুয়াশা কেটে গেলে, কিন্তু তার আমেজ থেকে যায় অনেক পরেও। এমন এক সকাল উপভোগের স্মৃতি অম্লান হয়ে থাকে মানব মনের কোনে বহুদিন।

৪. একুশে ফেব্রুয়ারি”

ভূমিকা:

“আমার ভাইয়ের রক্তে রাঙানো
একুশে ফেব্রুয়ারি
আমি কি ভুলিতে পারি”

মানুষের জীবনে মাতৃভাষার গুরুত্ব অপরিসীম ও অপরিমেয়। প্রতিটি জাতিগোষ্ঠীর মানুষের পরিচয়ের সেরা কষ্টিপাথর মাতৃভাষা। মাতৃভাষা অবলম্বন করেই গড়ে উঠেছে বিশ্বের প্রতিটি জাতিগোষ্ঠীর ঐতিহ্য ও সংস্কৃতি। মাতৃভাষা জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে বিশ্বের সকল মানুষের এক মৌলিক সম্পদ। বাঙালির মাতৃভাষা বাংলা। ১৯৫২ সালে বুকের রক্ত দিয়ে বাঙালি বিশ্ব-ইতিহাসে মাতৃভাষার জন্য আত্মত্যাগের অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। তারই স্বীকৃতি পেয়েছি আমরা শতাব্দীর শেষপ্রান্তে এসে। বিশ্ব এই দিনটিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দিয়েছে।
মাতৃভাষার গুরুত্ব ও মর্যাদার স্বীকৃতি এই আন্তর্জাতিক মাতৃভাষা দিবস।

বাংলা ভাষার প্রতি অবহেলা:
বাংলা ভাষার প্রতি অনেক আগে থেকেই অবহেলা চলে আসছে। দেশের বৃহত্তর জনসংখ্যার মাতৃভাষা বাংলা হওয়ার সত্ত্বেও বাংলাকে অবহেলা করে উর্দুকে একমাত্র রাষ্ট্রভাষা হিসেবে ঘোষণা দেওয়া হয়। কিন্তু বাংলার সচেতন মানুষ এ ঘোষণা মেনে নিতে পারেনি। তাদের সোচ্চার প্রতিবাদ কণ্ঠে সারা বাংলা জেগে ওঠে।

বাংলা ভাষার আন্দোলন:
মূলত ১৯৪৮ সালে থেকেই বাংলা ভাষার আন্দোলন শুরু হয়। ধীরে ধীরে এ আন্দোলন সারা বাংলাদেশে তথা পূর্ব পাকিস্তানে ছড়িয়ে পড়ে। ছাত্ররা এ আন্দোলনের সূত্রপাত করলেও ধীরে ধীরে সমস্ত জনগণ এটাতে জড়িয়ে পড়ে এবং এই আন্দোলনকে সমর্থন জানায়। সরকার যতই ভাষা আন্দোলনের ওপর দমননীতি চালায়, ততই আন্দোলন প্রকট হতে থাকে।

শহিদ দিবস:
১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারির বর্বর হত্যাকান্ডের স্মৃতি স্মরণ করার জন্য প্রতিবছর ভাবগম্বীর পরিবেশে শহিদ দিবস পালন করা হয়। কিন্তু শুধু শহিদ দিবস পালনের মধ্যেই একুশে ফেব্রুয়ারি তাৎপর্য সীমাবদ্ধ থাকে না । তা বাঙালি জাতির জীবনের সব ক্ষেত্রে প্রভাব বিস্তার করে।

রাষ্ট্র ভাষা হিসেবে বাংলা ভাষার স্বীকৃতি:
১৯৫২ সালের ২১ শে ফেব্রুয়ারি জঘন্য হত্যাকন্ডের খবর দ্রুত সারা বাংলাদেশে ছড়িয়ে পড়ে। এ খবরে সারা দেশের জনগণ বিক্ষোভ ফেফে পড়ে। এরই ফলে পাকিস্তানি সরকার ১৯৬৫ সালের সংবিধানে বাংলাকে স্বীকৃতি দেয়।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস প্রতিষ্ঠার উদ্যোগ:
কানাডার প্রবাসী বহুভাষী জনের সংগঠন ‘মাদার ল্যাংগুয়েজ লাভার্স অব দ্য ওয়াল্ড’ প্রথম ২১শে ফেব্রুয়ারির ঘটনার আন্তর্জাতিক স্বীকৃতির উদ্যোগ গ্রহণ করে। এর পেছনে যে দুজন প্রবাসী বাঙালির অবদান রয়েছে তাঁরা হচ্ছেন আবদুস সালাম ও রফিকুল ইসলাম। বহুভাষী ভাষাপ্রেমিক ঐ সংগঠনের উদ্যোগে ১৯৯৮ সালের ৯ই জানুয়ারি জাতিসংঘের মহাসচিব কফি আনানকে একটি চিঠি লেখা হয়। কফি আনান ইউনেস্কোর সঙ্গে যোগাযোগ করার পরমের্শ জানালে ইউনেস্কোতে একটি আবেদনপত্র পাঠানো হয়। ইউনেস্কোর শিক্ষা বিভাগের প্রোগ্রাম বিশেষজ্ঞ বেসরকারি উদ্যোগে কোনো প্রস্তাব গ্রহণের অপরাগতার কথা জানান। পরবর্তীকালে বাংলাদেশ সরকারের মাধ্যমে বিষয়টি ‘জাতিসংঘে উত্থাপিত হয়। ২৭টি দেশ এ প্রস্তবকে সমর্থন জানায়। ১৯৯৯ সালের ১৭ই নভেম্বর ইউনেস্কোর ৩১তম সম্মেলনে ২ শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালনের স্বীকৃতি পায়। সে দিবসটি কেবল ‘ভাষা শহিদ দিবস’ হিসেবে পালিত হত আজ তা ‘আন্তর্জাতিক মাতৃভাষা দিবস’।

সাহিত্যক্ষেত্রে একুশের অবদান:

একুশ শুধু আমাদের অধিকার সচেতন করে তোলেনি, এর পাশাপাশি আমাদের সাহিত্য ক্ষেত্রে ও অনেক অবদান রেখেছে। আমাদের জাতীয় চেতনার প্রতিফলন সাহিত্যক্ষেত্রে ও ব্যাপক ভাবে লক্ষ করা যায়। আমাদের কথাসাহিত্য, নাটক, ছোটগল্প, কবিতায় ও সংগীতে একুশের চেতনাকে তুলে ধরা হয়েছে। ২১ শে ফেব্রুয়ারি বাংলার দামাল ছেলেরা জীবন দিয়ে যে প্রতিবাদে শুরু করেছিল। সেটা সাহিত্যের মাধ্যমে সক্রিয় করে রেখেছিল সাহিত্যিকরা। এই সাহিত্যিকদের মধ্যে আছেন সিকানদার আবু জাফর, মুনীর চৌধুরী, মোহাম্মদ মনিরুজ্জামান, আবুল ফজল, শামসুর রাহমান প্রমুখ। তেমনই কয়েকটি সাহিত্যের মধ্যে রয়েছে 'শহিদ স্মরণে', 'স্বাধীনতা তুমি', ' একুশে ফেব্রুয়ারি', 'সংগ্রামে চলবেই', 'মাতৃভাষা ও বাঙালি মুসলমান'- এসব সাহিত্য বাংলার মানুষকে ব্যাপকভাবে অনুপ্রাণিত করেছিল।

মাতৃভাষা হিসেবে বাংলা:

ইউনেস্কো ২০০০ সাল থেকে বিশ্বে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের সিদ্ধান্ত নেয়। এরই পরিপ্রেক্ষিতে সদস্য দেশগুলোর কাছে তারিখ নির্নয়ের সুপারিশ চাওয়া হয়। বাংলাদেশও দিবসটি পালনের জন্য একুশে ফেব্রুয়ারির গৌরবগাথা বা তাৎপর্য তুলে ধরে। মাতৃভাষার জণ্য জীবন দিয়েছে, রক্ত দিয়েছে, রক্ত দিয়েছে, একমাত্র বাঙালিরা। তাই ইউনেস্কো এই আত্মত্যাগের বিষয়টিকে সম্মান জানিয়েই একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দেয়

বিশ্বের বিভিন্ন দেশে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন ও বাংলাদেশের গুরুত্ব:

এখন শুধু আমরা বাঙালিরা শহিদদের স্মৃতির উদ্দেশ্যে সম্মান জানানোর জন্য শহিদ মিনারে যাই না এখন পুরো বিশ্বের বিভিন্ন স্তরের মানুষ শহিদ মিনারে ছুটে যায় শহিদদের সম্মান জানানোর জন্য। আমরা বাঙালিরাই একমাত্র জাতি, যারা মাতৃভাষার জন্য রক্ত দিয়েছি। তাই একুশে ফেব্রুয়ারি দিনটি মাতৃভাষা রক্ষার প্রতীক হয়ে রয়েছে বিশ্ববাসী এখন বাংলাদেশকে শ্রদ্ধা করে, সম্মান করে আমাদের মাতৃভাষা প্রীতির কারণে।

উপসংহার:

পরিশেষে বলা যায় যে, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস বাঙালির বুকভরা গৌরবের দিবস এখন থেকে শতাব্দীতে ২ শে ফেব্রুয়ারি সারা বিশ্বে পালিতি হবে। আন্তর্জাতিক বিশ্ব বাংলাদেশের ভাষা সৈনিকদের আত্মত্যাগের কথা শ্রদ্ধভরে স্বরণ করবে। একবিংশ শতাব্দীতে এর চেয়ে বড় পাওনা আর কী -ই বা হতে পারে। তাই কবির কণ্ঠে কণ্ঠ মিলিয়ে আমরা বলতে পারি-

"বাংলা ভাষার প্রাণ
বাঙালির অবদান
বাংলা ভাষার বিশ্ব স্বীকৃতি
প্রকাশিত হলো জাতি শ্রেষ্ঠত্ব নহে জাতি অবনতি"---

৫. বর্ষাকাল

সূচনা:

"বরষা ওই এল বরষা।
অঝোর ধারায় জল ঝরঝরি অবিরল
ধূসর নীরস ধরা হল সরসা।

শুধু কাজী নজরুল ইসলামের এই পংক্তিতেই বর্ষার রূপটি ফুটে ওঠেনি। বরং বাংলাদেশের সকল কবির রচনার মধ্যে বিচিত্র রূপে বর্ষার ছবি আমরা দেখতে পাই। গ্রীষ্মের পর আসে বর্ষা। এটি বাংলাদেশের দ্বিতীয় ঋতু। গ্রীষ্মের দারুণ উত্তাপে সারা বাংলাদেশ যখন উত্তপ্ত হয়ে ওঠে তখন বর্ষা আসে আশীর্বাদের মতো আশার বাণী নিয়ে।

বর্ষার কালসীমা:

বর্ষার অঝোর বৃষ্টিপাতে শুকিয়ে যাওয়া নদীনালা, খালবিল, পানিতে হয়ে ওঠে ভরপুর। আষাঢ় শ্রাবণ এ দু'মাস বর্ষাকাল। কিন্তু আমাদের দেশে বর্ষার আগমন অনেক সময় অনেক আগেই ঘটে থাকে। কোনো কোনো সময় বর্ষা জৈষ্ঠ্য মাসে শুরু হয়ে আশ্বিন মাস পর্যন্ত স্থায়ী হয়।

বর্ষার আগমন:

গ্রীষ্মের প্রচণ্ড তাপদাহের পর বর্ষার আগমন ঘটে। গ্রীষ্মের প্রচণ্ড তাপদহে যখন প্রকৃতি জন জীবন অসহ্য গরমে ছটফট করতে থাকে ঠিক তখনই নেমে আসে বৃষ্টির ধারা।

তাইতো কবি বলেছেন-
"নীল নবঘনে আষাঢ় গগনে
তিল ঠাঁই আর নাহিরে
ওগো তোরা যাসনে ঘরের বাহিরে।"

বর্ষার বৈশিষ্ট্য:

বর্ষার আকাশ ঘন মেঘে আচ্ছন্ন থাকে। কালো মেঘ হাওয়ার ঘোড়ায় সওয়ার হয়ে উত্তর দিকে ছুটতে থাকে। আকাশ তখন মহাপ্রলয় শুরু হয়ে যায়। বজ্রের হুঙ্কারে ও কাঁপতে থাকে বর্ষার পানিতে নদী-নালা, খাল-বিল পানিতে থৈ থৈ করতে থাকে। গাছ-পালা, তরুলতা সজীব ও সবল হয়ে ওঠে।

পল্লী বর্ষা:

বাংলাদেশে বর্ষঋতুকে যথার্থভাবে উপলব্ধি করা যায় পল্লীগ্রামে। বর্ষায় পল্লীগ্রামের জীবন এক নতুন ধারায় প্রবাহিত হয়। বর্ষায় গ্রামের মানুষের এক মাত্র বাহন নৌকা। তারা এসময় প্রচুর মাছ ধরে আর গল্প করে সময় কাটায়।

শহরে বর্ষা:

শহরে বর্ষা জনজীবনে প্রাণের সঞ্চার করে। তবে শহরে পানি নিষ্কাশন ব্যবস্থা সুষ্ঠু না হওয়ায় জলাবদ্ধতা সৃষ্টি হয়ে অস্বাস্থ্যকর পরিবেশ তৈরি হয়। বিঘ্নিত হয় জনজীবন।

বর্ষার ফুল:

বর্ষাকালে আমাদের দেশে বিভিন্ন ফুল ফোটে। তাদের মধ্যে কেয়া, কামিনী, কদম, জুঁই, বেলী, চাপা বিশেষভাবে উল্লেখযোগ্য।

বর্ষা ও বাংলাদেশের অর্থনীতি:

মাছে ভাতে অভ্যস্ত বাঙালির জীবনে বর্ষা ঋতুর আবির্ভাব আশীর্বাদস্বরূপ। গ্রীষ্মের প্রখর উত্তাপ পুকুর নদীর জল শুকিয়ে দেয়, নীরস মাটির বুক ফেটে চৌচির হয়ে যায়। বাংলাদেশের মানুষ তখন আকুল প্রত্যাশা নিয়ে তাকিয়ে থাকে আকাশের দিকে। প্রবাসী মেঘে তখন ফিরে আসে। বৃষ্টির পানিতে পুকুর ভরে ওঠে। মাঠ ভিজে যায়। মাছগুলো নতুন পানিতে ছোটা ছুটি করে। বাংলার শষ্যক্ষেত্রের সেচের জলের প্রধান উৎসই বর্ষার ধারাজল। কৃষকের মুখে হাসি ফোটে। শুধু ধানই নয়, পাটের আবাদও হয় এ বর্ষায়। আর এগুলোই তো বাংলাদেশের অর্থনৈতিক বুনিয়াদ।

বর্ষাকালের যোগাযোগ ব্যবস্থা:
বর্ষাকালে গ্রামের অধিকাংশ রাস্তাঘাট ডুবে যায়। কোথাও পায়ে হেঁটে যাওয়ার উপায় থাকে না। তখন নৌকাই হয় একমাত্র যোগাযোগের মাধ্যম।

উপকারিতা:
বাংলাদেশের বর্ষা ঋতুর দানের শেষ নেই। বর্ষার পানি পেয়ে কৃষকেরা পাট ও ধানের ক্ষেত চাষ করে। যদি বর্ষাকালে বৃষ্টির এমন সমারোহ না হতো তবে ধান, পাট চাষ করা সম্ভব হতো না। বাংলাদেশের শ্যামল শোভা ও মনোরম প্রাকৃতিক সৌন্দর্য মূলত বর্ষাকালের বৃষ্টি পাতের দান ছাড়া আর কিছুই নয়।
বর্ষাকালে বাংলাদেশে আনারস, কলা, পেয়ারা, চালকুমড়া, ঝিঙে, করলা প্রভৃতি ফলমূল ও তরকারি উৎপন্ন হয়। এ সময় প্রচুর মাছ পাওয়া যায়। বর্ষার সময় নৌকাযোগে বাণিজ্যের সুযোগ বৃদ্ধি পায়।

অপকারিতা:
বর্ষায় বাংলাদেশে বন্যার আঘাতে ক্ষতবিক্ষত হয়। পানিতে মাঠ, ঘাট, বাড়িঘর, রাস্তাঘাট ডুবে যায়। প্রয়োজনীয় দ্রব্যাদির দাম বৃদ্ধি পায়। জনজীবনে নেমে আসে চরম দুর্ভোগ। রাস্তাঘাট পানির নিচে তলিয়ে যাওয়ায় নৌকাছাড়া একেবারেই চলাচল করা যায় না। নদীর ভাঙনে বাড়িঘর ধসে যায়। মানবজীবনে অভিশাপ নেমে আসে। ম্যালেরিয়ার প্রাদুর্ভাব দেখা দেয়।

উপসংহার:
বাংলাদেশের মানুষের জীবনে বর্ষাঋতুর ভূমিকা অনন্য ও সতন্ত্র। ষড়ঋতুর কথা বলা হলেও বাংলার ঋতুরঙ্গশালায় গ্রীষ্ম ও বর্ষারই প্রধান আধিপত্য। বর্ষায় বাংলাদেশ প্রকৃতির অপরূপ সৌন্দর্যের স্পর্শলাভ করে ধন্য হয়। বাংলাদেশের এ শ্যামল সুন্দর দৃশ্য ও প্রাকৃতিক সৌন্দর্য বর্ষারই অবদান। বর্ষা তাই বাঙালির জীবনে এক বিশিষ্ট অধ্যায়রূপে স্থান পায়।

৬. মোবাইল ফোন

ভূমিকা:
যোগাযোগের অন্যতম প্রধান মাধ্যম হচ্ছে মোবাইল ফোন। যা টেটিল যোগাযোগ ব্যভস্থায় এক নব দিগন্তের সূচনা করেছে।মোবাইল ফোন কার মোবাইল ফোন একটি ছোট আকারের ইলেকট্রিনিক ডিভাইস। মোবাইল ফোন দিয়ে সাধারণত কথা বলা হয়। এছাড়া মোবাইলের সাথে ক্যামেরা থাকে। যা দ্বারা ছবি তোলা যায়।

মোবাইল ফোন আবিষ্কার:
মোবাইল ফোন কোনো ব্যক্তি একভাবে আবিষ্কার করেননি। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় থেকেই এটির উদ্ভাবন কাজ শুরু হয়। আমেরিকার বিখ্যাত বিজ্ঞানী গ্রাহাম বেল প্রথম টেলিফোন আবিষ্কার করেন। তাঁর দুই সহকারী গবেষক ছিলেন রিচার্ড এইচ ফ্রংকিয়েল এবং জোয়েল এস এ্যাঞ্জেল। এরাই পরবর্তীকালে মোবাইল ফোনের কৌশল উদ্ভাবন করেন এরপর ১৯৭৩ সালে মার্টিন কুপার হাতে খরা ছোট সেট তৈরি করেন।

মোবাইল ফোনের কার্যবলি:
যে এলাকা জুড়ে মোবাইল ফোন কাজ করে তার সবটাকে কতগুলেঅ সেলে ভাগ করা যায় । প্রত্যেক সেলে বেতার টাওয়ার থাকে। এই টাওয়ার গুলো একটি অন্যটির সাথে যোগাযোগ তৈরি করে। তাছাড়া মোবাইল ফোনে একটি অ্যানটেনা থাকে। সারাক্ষণ তরঙ্গের মাধ্যমে এটি টাওয়ারের সাথে যোগযোগ করে। আর এভাবেই মোবইলের মাধ্যমে একজনের কথা আরেকজনের কাচে পৌঁছে যায়।

মোবইল ফোন ব্যবহারের সুবিধা:
মোবাইল ফোনের সুবিধা আছে । নেটওয়ার্কের সমস্যা হলে টাইল করে খুদেবার্তা পাঠানো যায়। মোবইল দিয়ে এমএসএস ধারন করে পাঠানো যা।

মোবাইল ফোন ব্যবহারের অসুবিধা:
মোবাইল ফোনের সুবিধার পাশাপাশি অসুবিধাও আছে। মোবইল ফোন খুব বেশি কথা বললে স্বাস্থের ক্ষতি হতে পারে।

মোবাইল ফোনের গুরুত্ব:
আধুনিক জীবনে মোবাইল ফোনের গুরুত্ব অনেক। মোবইল ফোনের মাধ্যমে বিশ্বের এক প্রান্ত থেকে আরেক প্রান্তের মানুষের কথা মুহূর্তেই শোনা যায় ও বলা যায়। তাছাড়া মোবাইল বর্তমানে মিনি কম্পিউটার কাজও করছে।

উপসংহার:
মোবইল ফোন আধুনির বিজ্ঞানের একটি বড় আবিষ্কার এটি মানব জীবনের একটি বিরাট অংশ জুড়ে আছে।

৭. বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ শেখ

ভূমিকা:
স্বাধীনতা যুদ্ধে যাঁরা বীরের মতো লড়াই করে শহিদ হয়েছিলেন, তাদের মধ্যে একজন নূর মোহাম্মদ শেখ। তাঁকে বীরশ্রেষ্ঠ উপাধি দেয়া হয়।

জন্ম:
বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ শেখ তৎকালীন যশোর জেলার নড়াইল সার ডিভিশনের মহেশখালি গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর জন্ম তারিখ হলো ১৯৩৬ সালের ২৬ ফেব্রুয়ারি

পিতা-মাতা
নূর মোহাম্মদ শেখের পিতার নাম আমানত শেখ আর মাতার নাম জান্নাতুল নেসা।

শিক্ষাজীবন:
নূর মোহামমদ শেখ বিশেষ পড়ালেখা করতে পারেননি। কারন তার ঝোঁক ছিল গান, নাটক আর এিংটোরের প্রতি।

কর্মজীবন:
বাল্যকালেই নূর মোহাম্মদ শেখ পিতা-মাতাকে হারান। ফলে বদলে যায় তার জীবনের গতি। তিনি যোগ দেন ইপি আর বাহিনীতে।

মুক্তিযুদ্ধে যোগদান:
১৯৭১ সালের ২৬ মার্চ বাংলাদেশের স্বাধীনতা ঘোষণার পর থেকে মুক্তিযুদ্ধ শুরু হয়। নূর মোহাম্মদ শেখও বসে থাকেননি , যোগ দিলেন স্বাধীনতা যুদ্ধে।

বীরত্ব:
নূর মোহাম্মদ শেখ যশোরের গোয়ালহাটি ক্যাম্পে সহযোদ্ধাদের সাথে টহল দিচ্ছিলেন। তাঁদের অবস্থানের খবর পেয়ে রাজাকার ও পাকিস্তানি বাহিনী তিন দিন থেকে ঘিরে ফেলে। জীবনের ঝুঁকি নিয়ে অসীম কৌশলে তিন সহযোদ্ধাদের রক্ষার করেন।

যেভাবে শহিদ হলেন:
যুদ্ধে নিজেদেরকে পিছিয়ে যেতে বলেন আর তিনি আহত মুক্তিযোদ্ধা নান্নুমিঞাকে কাঁধে নিয়ে একই যুদ্ধ করতে থাকেন। এক সময় শত্রুরগুলিতে মারা যান।

বীরশ্রেষ্ঠ উপাধি লাভ:
স্বাধীনতা যুদ্ধে অসামান্য অবদান বীরত্বের জন্য তাঁকে বীরশ্রেষ্ঠ উপাধিতে ভূষিত করা হয়।

উপসংহার: বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ শেখ একজন সাহসী যোদ্ধ ছিলেন। দেশের জন্য তিনি জীবন দিয়েছেন। আমরা তাঁকে কখোনা ভুলব না।

৮. আমাদের বিদ্যালয়

সূচনা:

"বর্ণমালার আলো নিত্য তুমি জ্বালো
তোমার আলো বিশ্বজোড়া আঁধার করেক্ষয় তুমি মানবতার জয়"

আমাদের বিদ্যালয়ের নাম বেহালা প্রাথমিক এ বিদ্যালয়টি ১৯৭৫ সালে প্রতিষ্ঠিত হয়। আমাদের বিধ্যালয়টি এলাকার মধ্যে একটি আদর্শ ও বিখ্যাত শিক্ষা প্রতিষ্ঠান।

অবস্থান:

আমাদের বিদ্যালয়টি বরগুনা জেলার আমতলী থানার অন্তর্গত। বিদ্যালয়ের সামনে দিয়ে একটি বড় রাস্তা চলে গেছে। আশে পাশের কয়েকটি গ্রামের ছেলেমেয়েরা পড়ালেখা করে।

বিদ্যালয়গৃহের বর্ণনা;

আমাদের বিদ্যালয়টি অনেক সুন্দর। সারি সারি তালগাছের ছায়াঘেরা একটি তৃতীয় তলা বিশিষ্ঠ ভবন। এতে ১৮ টি কক্ষ আছে। প্রতিটি কক্ষ ২৫ হাত দৈর্ঘ্য ও ২০ হাত প্রস্থ বিশিষ্ঠ। এর মধ্যে ১৩ টি কক্ষে আমাদের বিভিন্ন ক্লাস চলে। অবশিষ্ট কক্ষগুলো বিভিন্ন কাজে ব্যভহৃত হয়। যেমন: একটি কমনরুম, একটি পাঠাগার, একটি বিজ্ঞানগার, একটি শিক্ষকমন্ডলীর কক্সখও একটি প্রধান শিক্ষকের কক্ষ আছে। এছাড়াও একটি মিলনায়নও আছে।

জীবনে বিদ্যালয়ের অবদান:

শিক্ষা মানুষের জীভনে অন্যতম একটি মৌলিক চাহিদা। মানুষের জীবনে তাই বিদ্যালয়ের গুরুত্ব অপরিসীম। পরিবারের পরপরই বিদ্যালয়কে কেন্দ্র করে সবার শিক্ষাজবন শুরু হয়। বিদ্যালয় থেকেই আমরা শৃঙ্খলা, নিয়মানুবার্তিতা, চরিত্র গঠন এবং জীবনের লক্ষ্য সম্পর্কে জানতে পারি। প্রতিটি শিশুর সামাজিকরণ, শারীরিক ও মানসিক বিকাশে খেলাধুলা ও শরীরচর্চার উত্তম ক্ষেত্র বিদ্যালয়। এছাড়াও প্রতিটি শিশুর সাংস্কৃতিক এবং নৈতিক শিক্ষার আশ্রয়স্থাল হিসেবে বিদ্যালয়ের অবদান অপরিসীম।

বিদ্যালয়ের জন্য করণীয়:

আমাদের জীবনে বিধ্যালয়ের অবদান অনস্বীকার্য। তাই বিদ্যালয়ের জন্যেও আমাদের কিছু করণীয় রয়েছে। আমরা বিদ্যালয়ের নিয়শ শৃঙ্খলার প্রতি শ্রদ্ধাশীল হবো। আমাদের শিক্ষকদের আদেশ, উপদেশ মেনে চলবো। বিদ্যায় পরিষ্কার পরিচ্ছন্ন রাখব এবং ভালোভাবে পড়াশোনা করব যাতে বিদ্যালয়ের সম্মান বৃদ্ধি পায়।

উপসংহার:

আমাদের বিদ্যালয় এই এলাকয় দীর্ঘদিন বিদ্যালয়টি এই এলাকার মধ্যে একটি আদর্শ শিক্ষা-প্রতিষ্ঠান। এখানে পড়ার সুযোগ পেয়ে আমি নিজেকে ধন্য মনে করি।

"বিদ্যার্থীর জন্য বিদ্যামন্দির স্বর্গতুল্য।"

৯. আমাদের গ্রাম

সূচনা: অনিন্দ্র সুন্দর আমাদের এ বাংলাদেশ। এর যেুদকে চোখ যায় শুধু শস্য শ্যামল মাঠ আর মাঠ। এরূপ একটি ছোট গ্রামে আমার বাস। আমাদের গ্রামের নাম ফুলতলা । গ্রামের কথা স্মৃতিপটে এলল আমার মনে পড়ে যায় কবি আহসান হাবীবের ছড়াখানি-

"আমাদের গ্রামখানি ছবির মতন
মাটির তলায় এর ছড়ানো রতন
সোনার সুরু আনে সোনার প্রভাত
পাখির কাকলি শুনে কেটে যায় রাত।"

অবস্থান:
আমাদের গ্রামটি মানিকগঞ্জ জেলায় অবস্থিত। গ্রামের একপাশ দিয়ে বয়ে গেছে ধলেশ্বরী দী অন্যপাশে ঢাকা আরিচা মহাসড়ক।

প্রাকৃতিক সৌন্দর্য:
আমাদের গ্রামটি খুব সুন্দর । আম, জাম, কাঁঠাল, বট পাকুড় গাছ আর বাঁশ ঝাড়ের নিবিড় ছায়ায় ঢাকা গ্রামের ঘরগুলো। আর আছে জারুল, কনকচাঁপা, কদম, শিউলি, ছাতিম, বকুল, পলাশ, কৃষ্ণচূড়া, সোনালু ইত্যাদি ফুলের গাছ। প্রতিটি মৌসুমে নানা রকম ফুলে রঙিন হয়ে যায় আমাদের গ্রাম।

লোকসংখ্যা ও পেশা:
ফলতলা গ্রামের মানুষগুলোও ভারি সুন্দর। তারা কেউ কলহ পছন্দ্র করে না। আমাদের গ্রামে প্রায় দুই হাজার লোকের বাস। এখানে আছে নানা পেশার নানা ধর্মের মানুষ। কেউ কৃষিকাজ করেন, কেউ ব্যবসা, কেউ চাকুরি । পুজোয়, বড়দিনে আর নববর্ষে উৎসবে মেতে উঠে ফুলতলা গ্রাম।

বিভিন্ন প্রতিষ্ঠান:
আমাদের গ্রামে একটি প্রাথমিক বিদ্যালয়, একটি লাইব্রেরি, একটি খেলার মাঠ, একটি বাজার, দুটি মসজিদ, একটি মন্দির ও একটি গির্জা আছে ।

ঘাট-বাজার ও যোগাযোগ ব্যবস্থা:
গ্রামের মধ্যে একটি উঁচু রাস্তা আছে। এই রাস্তা দিয়ে শহরের মূল রাস্তায় যাওয়া যায়।

উৎপন্ন দ্রব্য:
গ্রামের মাঠে মাঠে ফলে প্রচুর ধান, পাট, গম, মসুর, সরিষা, আক ইত্যাদি। বড় বড় পুকুরগুলোতে নানা রকম মাছের চাষ হয়। তাছাড়া ধলেশ্বরী নদীতে হরেক রকম মাছের চাষ হয়।

উপসংহার:
একটি আদর্শ গ্রাম হিসাবে আমাদের গ্রাম অতুলনীয়। আমাদের গ্রামকে আমরা সবাই মায়ের মতো ভালোবাসি।

"গ্রাম বিধাতার দান
শহর মানুষের দান।"

১০. বাংলাদেশের ষড়ঋতু

ভূমিকা:
বাংলাদেশ ঋতু বৈচিত্রের দেশ। প্রতি বছর ছয়টি ঋতু পরপর আসে বলে আমাদে দেশকে ষড়ঋতুর দেশও বলা হয়। প্রতিটি ঋতুর আগমনে বাংলাদেশের প্রকৃতি বিচিত্র রুপ ধারণ করে। আর এ ঋতু বৈচিত্রের কারণেই এ দেশের প্রাকৃতিক সৌন্দর্যে সবার চোখ জুড়ায়।

ষড়ঋতু:
গ্রীষ্ম, বর্সা, শরৎ, হেমন্ত, শীত ও বসন্ত বাংলাদেশের ছয়টি ঋতু। বৈশাখ-জ্যৈষ্ঠ দুই মাস মিলে গ্রাষ্মকাল, আষাঢ়-শ্রাবণ মিলে বর্ষকাল, ভাদ্র-আশ্বিন মিলে শরৎকাল, কার্তিক-অগ্রহায়ন মিলে হেমন্তকাল, পৌষ-মাঘ মিলে শীতকাল ও ফাল্গুন-চৈত্র মিলে বসন্তকাল।

গ্রীষ্মকাল:
গ্রীষ্ম বাংলার প্রথম ঋতু। এ ঋতুতে প্রচন্ড গরম পড়ে। খাল-বিল, নদী-নালা শুকিয়ে যায়। মাঠ-ঘাট ফেটে চৌচির হয়ে যায়। এ সময় কাল বৈশাখী ঝড় হয়। আম, জাম, কাঁঠাল, লিচু তরমুজ, আনারস, প্রভৃতি ফল এ ঋতুতেই পাওয়া যয়।

বর্ষাকাল:
গ্রীষ্মের পর আসে বর্ষাকাল। এ সময় আকাশ মেঘে ঢাকা থাকে ও প্রচুর বৃষ্টিপাত হয়। মাঠ-ঘাট, নদী-নালা, খাল-বিল পানিতে ভরপুর থাকে । এ সময় নদীতে প্রচুর মাছ পাওয়া যায়। কেয়া, কদম, চামেলী এগুলো বর্ষাকালের ফুল।

শরৎকাল:
বর্ষার পর আসে শরৎকাল। এ সময় আকাশের রং হয় গাঢ়,নীল, আর সাদা রঙের মেঘ ভেসে বেড়ায়। শরৎকালে বিলে-ঝিলে প্রচুর শাপলা ও পদ্ম ফুলের সমারোহ ঘটে। এ সময় কাশফুল ও শিউলি ফুল ফোটে।

হেমন্তকাল:
হেমন্তকালকে ফসলের ঋতু বলা হয়। কৃষকরা নতুন ধান কাটার আনন্দে মেতে ওঠে। পিঠাপুলি খাওয়ার ধুম পড়ে যায়। সারাদেশে মুখরিত হয় হেমন্তের নবান্ন উৎসবে। শেষ রাতের দিকে হালকা ঠাণ্ডা জানান দিয়ে যায় শীতকালের আগমনী বার্তা।

শীতকাল:
হেমন্তের পর আসে শীত। মিষ্টি রোদ আর খেঁজুরের রস নিয়ে আসে শীতের সকাল এসময় উত্তর দিক থেকে কনকনে ঠাণ্ডা বাতাস বইতে থাকে। ছেলে-বুড়ো সবাই আগন জ্বালিয়ে তার পাশে বসে উত্তাপ নেয়। এ সময় গাছপালার পাতা ঝরতে থাকে। এ সময় নানা রকম শাকসবজি পাওয়া যায়।

বসন্তকাল:
বসন্তকালকে ঋতুর রাজা বলা হয়। গাছে গাছে নতুন নতুন পাতা গজায়। এ সময় বিভিন্ন ফুল ফোটে , কোকিল ডাকে , দখিনা বাতাস বইতে শুরু করে। আনন্দের হিল্লোল জাগে সবার প্রাণে।

উপসংহার:
ঋতু বৈচিত্র্যে বাংলাদেশ বিশ্বের এক অনন্যা মনোরম দেশ। ঋতু বৈচিত্রই বাংলাকে করেছে রূপসী বাংলা তাইতো কবি বলেছেন-

"এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি
সকল দেশের রাণী সে যে আমার জন্মভূমি।"

১১. আমাদের দেশ

ভূমিকা:
সুজলা-সুফলা, শস্য-শ্যামলা, প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি আমাদের এ বাংলাদেশ। এদেশে বনে বনে ফুলের সমারোহ, মাঠে মাঠে ফসলের মেলা, নদী ভরা মাছ, আকাশে ঝাঁকে ঝাঁকে উড়ে যাওয়া পাখপাখালি সবই মনোমুগ্ধকর।

অবস্থান ও আয়তন:
বাংলাদেশ দক্ষিণ এশিয়ার একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র। বাংলাদেশের পূর্বে ভারতের আসাম, পশ্চিমে ত্রিপুরা, বার্মা, উত্তরে পশ্চিমবঙ্গ ও মেঘালয়, দক্ষিণে মায়ানমার ও বঙ্গোপসাগর। বাংলাদেশের আয়তন ৫৬,১৭৭ বর্গমাইল বা ১,৪৭,৫৭০ বর্গ কিলোমিটার।

স্বাধীনতা লাভ:
১৯৭১ সালের নয় মাসের রক্তক্ষয়ী যুদ্ধে ত্রিশ লাখ শহিদের রক্তের বিনিময়ে পাকিস্তানের কাছে থেকে স্বাধীনতা লাভ করে।

জনসংখ্যা:
বাংলাদেশ পৃথিবীর অন্যতম জনবহুল দেশ। বাংলাদেশের বর্তমান জনসংখ্যা প্রায় ১৬ কোটি। পৃথিবীতে জনসংখ্যার দিক থেকে বাংলাদেশ অষ্টম স্থানে আছে।

জাতি ও ধর্ম:
বাংলাদেশে অনেক জাতির মানুষ বসবাস করে। বাংলাদেশে বসবাসরত বিভিন্ন জাতির মধ্যে রয়েছে মুসলমান, হিন্দু, বৌদ্ধ, মগ, চাকমা, মারমা, সাওতাল, ত্রিপুরা, মুরং, মনিপুরি, রাখাইন ইত্যাদি। এদের মধ্যে মুসলমানের সংখ্যা সবচেয়ে বেশি।

ভাষা:
বাংলা আমাদের মাতৃভাষা। বাংলাদেশের ১৫ কোটি লোক ছাড়াও আরও প্রায় দশ কোটি মানুষ এ ভাষায় কথা বলে। এছাড়া এদেশের বিভিন্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নিজস্ব ভাষা আছে।

রাজধানী শহর:
বাংলাদেশের রাজধানী ঢাকা। মোঘল আমল থেকেই ঐতিহ্যবাহী এ শহরটি বিখ্যাত। এটি বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত।

ভূ-প্রকৃতি:
বাংলাদেশের অধিকাংশ এলাকাই পলিবাহিত সমভূমি। সিলেটের কিছু অংশ, পার্বত্য চট্রগ্রাম, কুমিল্লার কিছু অংশে পাহাড়ও রয়েছে। দক্ষিণে ময়নামতি ও সুন্দরবন রয়েছে।

প্রাকৃতিক সৌন্দর্য:
বাংলাদেশে প্রাকৃতিক সৌন্দর্যের এক লীলাভূমি। বাংলাদেশের ঋতুবৈচিত্র্য অসাধারণ। গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত, শীত ও বসন্ত-এদের রূপবৈচিত্র্যে বাংলাদেশ অপরুপ সাজে সেজে থাকে।

নদ নদী:
বাংলাদেশ নদী মাতৃক দেশ। পদ্মা, মেঘনা, যমুনা ও ব্রক্ষ্মপুত্র এদেশের প্রধান নদনদী। এছাড়াও বাংলাদেশে শাখা-প্রশাখাসহ নদনদীর সংখ্যা প্রায় ২৩০ টি।

মানুষের পেশা:
বাংলাদেশের মানুষের প্রধান পেশা কৃষি। বাংলাদেশের শতকরা ৮৫ ভাগ লোক কৃষক। এছাড়া রয়েছে জেলে, মাঝি, তাঁতি, কামার, কুমোর, ছুতার ও অন্যান্য শ্রমিক।

বাংলাদেশের শহর:
বাংলাদেশের প্রধান প্রধান শহর হচ্ছে- ঢাকা, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, রাজশাহী, কুমিল্লা, সিলেট। এছাড়া আরও অনেক ছোট ছোট শহর রয়েছে।

বাংলাদেশের গ্রাম:
বাংলাদেশ গ্রাম প্রধান দেশ। পঁচাশি হাজার গ্রামের দেশ বাংলাদেশ। গ্রামের প্রাকৃতিক সৌন্দর্য খুবই মনোরম। পুকুর, খাল, কাঁচা-পাকা ঘর, সবুজ ফসল দেখে নয়ন জুড়িয়ে যায়।

অর্থনৈতিক অবস্থা:
বাংলাদেশের অর্থনীতি প্রধানত কৃষির ওপর নির্ভরশীল। কিন্তু কৃষকদের চাষাবাদের কোনো আধুনিক বৈজ্ঞানিক যন্ত্রপাতি নেই এবং পর্যাপ্ত যত্নের অভাব থাকায় কৃষির তেমন উন্নতি হচ্ছে না। পাট, তৈরি পোষাক, চায়ের ওপরও বাংলাদেশের অর্থনীতি নির্ভর করে।

প্রাকৃতিক সম্পদ:
বাংলাদেশের অন্যতম প্রাকৃতিক সম্পদ হচ্ছে প্রাকৃতিক গ্যাস। এছাড়াও অনেক প্রাকৃতিক সম্পদ রয়েছে। যেমন: কয়লা।

বাংলাদেশের গান:
এদেশের প্রাকৃতিক রং ও রূপ যেমন বিচিত্র, গান ও তেমনি। বাংলাদেশের গানের সুমধুর সুরে ভেসে ওঠে প্রকৃতি ও জীবনের প্রকৃত দিক। বাংলাদেশের গানে রয়েছে বৈচিত্র্য। বিভিন্ন গানের মধ্যে রয়েছে লোকসংগীত, রবীন্দ্র সংগীত, নজরুল সংগীত, লালন সংগীত, হাসন রাজার গান, অতুল প্রসাদের গান, আধুনিক গান, টম্পাগান, কীর্তন, ব্যান্ডসংগীত, ভজন, গজল ইত্যাদি।

শিক্ষা:
বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চতর তিনভাগে বিভক্ত। এছাড়া বয়স্কদের জন্য গণশিক্ষার ব্যবস্থা আছে।

উপসংহার:
মা ও মাতৃভূমি আমাদের সবার প্রিয়। আমরা আমাদের দেশকে ভালবাসি।

কবির ভাষায়- "আমার সোনার বাংলা
আমি তোমায় ভালবাসি।"

১২. প্রাণিজগৎ

ভূমিকা:
পৃথিবীর প্রাণিজগৎ এক বিস্ময়। বন-জঙ্গল, পাহাড় পর্বত, সমুদ্রের তলায়, মরু ও মেরু অঞ্চলে অদ্ভুত ও বিস্ময়কর প্রাণিদের মধ্যে হাতি-গণ্ডার, জিরাফ, গরিলা, উটপাখি এবং সমুদ্রে বিচরণশীল প্রাণিদের মধ্যে দানবাকার স্কুইড, বীভৎস চেহারার অক্টোপাস, রক্ত পিপাসু হাঙর, বৃহদাকার নীল তিমি প্রভৃতি বিস্ময়কর প্রাণির সমারোহ পৃথিবীর বিভিন্ন স্থানে লক্ষ্য করা যায়।

ধরণ:
পৃথিবীর প্রাণিজগৎ তিনভাগে বিভক্ত। জলজ, স্থলজ এবং খেচর। যারা আকাশে উড়ে বেড়ায় তাদের খেচর বলে।

হাতি:
স্থলজ প্রাণিদের মধ্যে হাতির মত বড় দ্বিতীয় কোনো প্রাণি নেই। এরা গভীর অরণ্যে ঘুরে বেড়ায় এবং দলবেঁধে থাকতে ভালবাসে। প্রত্যেকটি দলে থাকে একটি দলপতি। হাতির বিশাল দেহের সবচেয়ে বড় অঙ্গটি হচ্ছে তার শুড়। হাতির দৈনিক প্রয়োজন আট থেকে নয় মন ঘাস, পাতা আর ছয় মনের মত পানি। হাতি দাঁড়িয়ে ঘুমায়।

গণ্ডার:
গণ্ডার এক আজব প্রাণি। এর নাকের ওপর শিং থাকে। এ শিং আসলে পুরুলোমের তৈরি। এর দৃষ্টিশক্তি ক্ষীণ। কিন্তু ঘ্রাণশক্তি প্রখর। গণ্ডার একবার পানিতে ডুব দিয়ে অনেকক্ষণ থাকতে পারে। ঘণ্টায় এটি ত্রিশ থেকে চল্লিশ মাইল বেগে ছুটতে পারে। গণ্ডারকে বনের ছোট-বড় সব প্রাণি ভয় পায়।

জিরাফ:
জিরাফ সব চেয়ে উঁচু প্রাণি। এটি প্রায় আঠারো ফুট উঁচু হয়। এই বিশাল শরীরে নিয়ে সে ঘণ্টায় ত্রিশ মাইলেরও বেশি বেগে ছুটতে পারে। জিরাফের গলা অনেক লম্বা। এটি পা বাঁকাতে পারে না। জিরাফ দাঁড়িয়ে ঘুমায়। জিরাফের বড় শত্রু সিংহ।

গরিলা:
বুনো জন্তুদের মধ্যে প্রচণ্ড শক্তিধর হলো গরিলা। গহীন অরণ্যে এদের বাস। বনের পশুদের মধ্যে গরিলাদের জীবনযাত্রা খুবই সুন্দর। মা-বাবা ও সন্তানদের নিয়ে গরিলার সংসার। এটি খুব শান্তি প্রিয় প্রাণী। নিজে আঘাত না পেলে কাউকে আঘাত করে না।

উটপাখি:
উটপাখির অপর নাম দৈত্যপাখি। এটি খুব জোরে ছুটতে পারলেও উড়তে পারে না। ঘন্টায় এরা ষাট সত্তর মাইল বা এর চেয়েও বেশি বেগে দৌড়াতে পারে। এরা মরুভূমিতে বাস করে। বালি খুড়ে এরা বাসা তৈরি করে। এদের ডিম আকারে খুব বড় ফুটবলের মতো। উটপাখি মাংস, ফুলমূল ও শাকসবজি খায়।

স্কুইড:
সামদ্রিক প্রাণিদের মধ্যে অতি ভয়াবহ হলো দানবাকার স্কুইড। পৃথিবীতে অমেরুদণ্ডী প্রাণিদের মধ্যে এত বড়, এত দ্রুত গতিসম্পন্ন দানবাকার স্কুইড অর্থাৎ মারাত্মক প্রাণি আর নেই। কোনো কোনো স্কুইড আকারে তিমির সমান হয় আর মরণপণ যুদ্ধে প্রায় যেকোনো সামদ্রিক জীবকে হারিয়ে দিতে পারে।

অক্টোপাস:
অক্টোপাস কথাটার অর্থ হলো আটপাওয়ালা। অক্টোপাসের চেহারা বিভৎস হলেও এরা ভীতু আর ঠাণ্ডা মেজাজের প্রাণি। এছাড়া চোখের পলকে এদের চিত্র বিচিত্র শরীরের রং পাল্টাতে পারে।

নীল তিমি:
সাগরের সবচেয়ে বড় প্রাণি হলো নীল তিমি। নীল তিমি লম্বায় প্রায় একশ ফুট পর্যন্ত হয়। ওজন হয় একশ থেকে দেড়শ টন। পৃথিবীর ইতিহাসে এতো বড় প্রাণি কখনও সৃষ্টি হয়নি।

উপসংহার:

প্রাণিজগতে বিস্ময় সৃষ্টিকারী জীবজন্তু কমে যাচ্ছে। কারণ মানুষ বসতি স্থাপনের জন্যে বন-জঙ্গল কেটে ফেলছে। ফলে প্রাণিদের বসবাসের জন্যে জায়গা অপ্রতুল হয়ে পড়ছে, বিপন্ন হয়ে পড়েছে প্রাণিজগৎ। আমাদের সবাইকে সচেতন হতে হবে যাতে অদ্ভুত সুন্দর এই প্রাণিজগৎ টিকে থাকে, নিরাপদে থাকে।

১৩. বিদায় হজ

ভূমিকা:
যুগে যুগে যেসব মহামানব পৃথিবীতে আবির্ভূত হয়ে মানবজাতিকে সৎপথে পরিচালিত করেছেন, বিশ্বনবী হযরত মুহাম্মদ (সঃ) তাদের মধ্যে অন্যতম। তিনি ছিলেন আল্লাহর প্রিয় রাসুল ও নবী এবং সর্বকালের সর্বশ্রেষ্ঠ মানুষ।

বর্ণনা :
দশম হিযরিতে যিলকদ মাসের শেষ দিকে মহানবী (সঃ) এর সঙ্গে হাজার হাজার মানুষ হজের উদ্দেশ্যে মক্কার পথে যাত্রা করলেন। আরাফাত ময়দানে প্রায় দুই লক্ষ লোক সমবেত হলেন। 'জাবালে রাহমাত' নামক পাহাড়ে দাড়িয়ে মহানবী (স:) সমবেত মানুষের উদ্দেশ্যে এক মর্মস্পর্শী ভাষণ দেন। এটিই ইসলামের ইতিহাসে নবীজীর 'শেষ ভাষণ' বা 'বিদায় হজের ভাষণ' নামে খ্যাত।

নারী ও পুরুষের অধিকার:
নারী ও পুরুষের অধিকার সম্পর্কে নবীজী তার ভাষনে বলেছেন-"আজকের এদিন, এ স্থান, এ মাস যেমন পবিত্র, তেমনি তোমাদের পরস্পরের জানমাল ও উজ্জত আবরু পরস্পরের নিকট পবিত্র। নারীর ওপর পুরুষের যেমন অধিকার আছে, পুরুষের ওপর নারীরও তেমন অধিকার আছে।

কৃতদাস-কৃতদাসীর অধিকার:
নবীজী কৃতদাস সম্পর্কে বলেন-"তোমাদের কৃতদাস-দাসীদের আল্লাহর বান্দা।তাদের প্রতি নিষ্ঠুর ব্যবহার করো না। তোমরা নিজেরা যা খাবে তাদের কে তা খেতে দেবে। নিজেরা যে কাপড় পরবে তাদেরও তাই পরতে দেবে। কোন কৃতদাস যদি নিজের যোগ্যতায় আমির হয়, তবে তাকে মেনে চলবে। তখন বংশ মর্যদার কথা বলবে না।

ধর্ম সম্পর্কে উপদেশ:
ধর্ম সম্পর্কে নবীজীর উপদেশ হলো- সব মুসলমান একে অন্যের ভাই। তোমরা একভাই কখনও অন্য ভাইয়ের সম্পত্তি জোর করে দখল করোনা, ধর্ম নিয়ে বাড়াবাড়ি করবো না । নিজের ধর্ম পালন করবে। যারা অন্য ধর্ম পালন করে, তাদের ওপর তোমার ধর্ম চাপিয়ে দেওয়ার চেষ্টা করো না।"
মহানবী (স:) চারটি কথা বিশেষভাবে মনে রাখতে বলেছেন। এই চারটি কথা হলো:

১) আল্লাহ ছাড়া অন্য কারও উপসনা করো না।
২) অন্যায়ভাবে মানুষকে হত্যা করো না।
৩) পরের সম্পদ অপহরণ করো না।
৪) কারও উপর অত্যাচার করো না।

মহানবী হযরত মুহাম্মদ (স:) আরও বললেন: "তোমাদের কাছে আমি দুটি জিনিস রেখে যাচ্ছি-

১) আল্লাহর বাণী অর্থাৎ কুরআন।
২) আল্লাহর প্রেরিত পুরুষ রাসুলের জীবনের আদশ। এই দুটি তোমাদের সরল ও সঠিক পথ দেখাবে।

উপসংহার:
ইসলামের পথ প্রদর্শক, মানবতার মুক্তির অগ্রদুত মহানবী হযরত মুহাম্মদ (স:) এর বিদায় হজের ভাষণ ছিল মানব জাতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। মানব জাতির জন্যে অত্যান্ত গুরুত্বপূর্ণ। মানব জাতি চিরদিন তাঁর এ ভাষণকে গভীর শ্রদ্ধায় স্মরণ করবো।

১৪. মজলুম জননেতা মওলানা আব্দুল হামিদ খান ভাসানী

সূচনা:
দেশের স্বার্থে মেহনতি মানুষের অর্থনৈতিক, সাংস্কৃতিক, রাজনৈতিক মুক্তির জন্য এবং গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য যে নেতা সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিলেন, তিনি অবিভক্ত ও বিভক্ত বাংলার মহান নেতা মজলুম জননেতা মওলানা আব্দুল হামিদ খান ভাসানী।

জন্ম, শৈশব ও শিক্ষা :
মওলানা ভাসানী সিরাজগঞ্জ জেলার ধানগড়া গ্রাম আনুমানিক ১৮৮৫ সালে জন্মগ্রহণ করেন। তাঁর ডাকনাম ছিল 'চেকা মিয়া' তাঁর পিতার নাম হাজী শরাফত আলী খান , মাতার নাম মোসাম্মৎ মজিরন বিবি। গ্রামের পাঠশালায় তাঁর শিক্ষাজীবন শুরু হয়। তারপর আরবি, ফারসি, কোরান ও হাদিস বিষয়ে শিক্ষালভ করেন।

রাজনৈতিক ও কর্মজীবন:
দেওবন্দ মাদরাসায় পাঠকালীন তিনি অন্যায়ের বিরুদ্ধে সংগ্রাম শুরু করেন। জমিদার বিরোধী আন্দোলনে নেতৃত্ব দেওয়ার কারণে তাঁকে কাগমারি ছাড়তে হয়। তারপর আসামের হিন্দু জমিদাররা মুসলমান গরিব প্রজাদের ওপর জুলুম করলে এসব অন্যায় অত্যাচারের বিরুদ্ধে তিনি দরিদ্র মানুষকে ঐক্যবদ্ধ করে ১৩৪০ বঙ্গাব্দে আসামের ভাসনচরে এক ঐতিহাসিক সম্মেলন করেন। এরপর তিনি রংপুর সিরাজগঞ্জ, টাঙ্গাইলসহ বিভিন্ন স্থানে কিছুকাল কাটিয়ে আবার াসাম যান এবং আসাম আইনসভার সদস্য পদ লাভ করেন।

স্বাধীনতা সংগ্রামে ভূমিকা:
১৯৭১ এর মুক্তিযুদ্ধে মওলানা ভাসানীর অবদান স্মরণযোগ্য। যুদ্ধকালীন তিনি অস্থায়ী বাংলাদেশ সরকারের প্রধান উপদেষ্টা ও উপদেষ্টা কমিটির সভাপতি ছিলেন।

বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান:
মওলানা ভাসানী শিক্ষঅ বিস্তারের জন্য হককুল ইবাদ মিশন, মওলানা মোহাম্মদ আলী কলেজ, সন্তোষ ইসলামি বিশ্ববিদ্যালায় ইত্যাদি প্রতিষ্ঠা করেন।

মৃত্যা:
দীর্ঘ সংগ্রামী জীভন অতিবাহিত করে ১৯৭৬ সালের ৭ নভেম্বর এ মহান নেতা মৃত্যুবরণ করেন।

উপসংহার:
আমাদের প্রিয় নেতা, মজলুম নেতা মওলানা আব্দুল হামিদ খান ভাসানী আজ আমাদের মাঝে নেই। কিন্তু তিনি তাঁর মহতী কর্মজীবনের মাধ্যমে বেঁচে আছেন , বেঁচে থাকবেন প্রতিটি মানুষের হৃদয়ে।

১৫. আমার প্রিয় খেলা (ফুটবল)

ভূমিকা:

আমার প্রিয় খেলা ফুটবল। এটি বিশ্বের অন্যতম জনপ্রিয় খেলা। প্রতি চার বছর পর পর আন্তর্জাতিকভাবে বিশ্বকাপ ফুটবল খেলা অনুষ্ঠিত হয়। আমাদের দেশের সর্বত্রই এই খেলার প্রচলন দেখা যায়। অনেক দেশেই ফুটবলকে জাতীয় খেলার মর্যাদা দেওয়া হয়েছে।

উৎপত্তি:

ফুটবল খেলার উৎপত্তি স্থান হচ্ছে চীন। ধারণা করা হয় চীন দেশ থেকেই এটি সারাবিশ্বে ছড়িয়ে পড়েছে। তারপর ইউরোপীয় খেলোয়াড়রাই সর্বপ্রথম ফুটবল আমদানি করে এবং এর প্রসার ঘটায়। ১৮৫০ সালের মধ্যভাগে প্রথম ফুটবল ক্লাব গড়ে ওঠে ইংলান্ডের শেফিল্ডে। এরপর পর্যায়ক্রমে ডেনমার্ক, ব্রাজিল, ফ্রান্স ও সোভিয়েত ইউনিয়নে বিপুলভাবে বিস্তৃতি লাভ করে। ১৯৪০ সালের ২১ মে ফ্রান্স ফেজরেল ইন্টার ন্যাশনাল ফুটবল অর্থাৎ ফিফা প্রতিষ্ঠিত হয়। এ ফিফা কর্তৃক প্রবর্তিত আইনই বর্তমান আধুনিক ফুটবলের জন্ম দেয়।

খেলার উপকরণ:

ফুটবল খেলার মাঠের দৈর্ঘ্য হবে ১২০ গজ এবং প্রস্থ ৮০ গজ। এ খেলার প্রতিটি দলে ১১ জন করে মোট ২২ জন খেলোয়াড় মাঠে খেলে। মাঠের দুই প্রান্তে দুটো গোলপোষ্ট থাকে। খেলার জন্য চামড়ার একটা বল ও রেফারির হাতে সংকেত দেয়ার জন্য একটি বাঁশির প্রয়োজন হয়।

খেলার সময়:

আন্তর্জাতিক নিয়মানুসারে ফুটবল খেলা সাধারণত ৯০ মিনিট বা দেড়ঘন্টা স্থায়ী হয়। মাঝে ১৫ মিনিটের বিরতি দেয়া হয়।

খেলার ব্যবস্থা পদ্ধতি:

মাঠের মধ্যেস্থলে দুইদল সমানা সামনি দাঁড়ায়। প্রত্যেক দলের ১১ (জন খেলোয়াড়ের পাঁচজন সামনের ভাগে দাঁড়ায়, তাদের ফরোয়ার্ড বলে। তাদের পেছনে তিনজন হাফব্যাক, হাফব্যাকের পিছনে দুইজন ফুলব্যাক এবং সবার পেছনে গোলপোষ্টের সামনে থাকে একজন গোলরক্ষক)। ফরোওয়ার্ডের কাজ হল নিজের পা দিয়ে বল ধরে সম্মুখস্থ বিপক্ষের খেলোয়াড়দের বূহ্যভেদ করে তৎপর হাফব্যাক ও ফুলব্যাককে অতিক্রম করে বলটি বিপক্ষদলের গোলপোষ্টের মধ্যে নিক্ষেপ করা। এই অতিক্রম পথে কোনো অসুবিধা দেখা দিলে তারা সুবিধা মতো বলটিকে ডানে বামে বা পেছনে তার দলের কোনো খেলোয়াড়কে দিয়ে থাকে। হাফব্যাক তিনজন ফরওয়ার্ডকে সাহায্য করে থাকে। ফুলব্যাকের কাজ হল বিপক্ষের নিক্ষিপ্ত বল কে প্রতিহত করা বল যেন গোলপোষ্টের ঢুকতে না পারে সে দিকে লক্ষ রাখা। একজন রেফারী খেলা পরিচালনা করেন। তার কাজ হলো উভয় পক্ষের খেলোয়াড়রা নিয়ম কানুন মেনে চলছে কিনা সেদিকে খেয়াল রাখা। এজন্য তাকে সারা মাঠে ছোটা ছুটি করে বেড়াতে হয়। বল কখন কোন স্থান দিয়ে বাইরে গেল তা দেখার জন্য দুজন সীমানা পরিদর্শক থাকে।

খেলার নিয়ম-কানুন:

ফুটবল খেলা চলে দেড় ঘন্টা। এসময়ের মধ্যে যদি কোনো পক্ষই গোল দিতে ব্যর্থ হয় তাহলে খেলার পরিচালক বা রেফারী পেনাল্টি অথবা সময় বাড়ানোর সীদ্ধান্ত নেয়। নির্দিষ্ট সময়ে রেফারীর বাঁশির শব্দের সঙ্গে সঙ্গে খেলা শুরু হয়। একমাত্র গোলকিপার ছাড়া কোনো খেলোয়াড়ের হাতে বল লাগলে হ্যান্ড বল হয়। কেউ বিপক্ষের খেলোয়াড় কে বিনা কারণে ধাক্কা বা লাথি দিলে 'ফাউল' হয়। গোলপোষ্টের সামনে ডি বক্সের মধ্যে নিজ পক্ষে ফাউল করলে কিক দেয়া হয়। বলটি কোনো পক্ষের গোলপোষ্টের মধ্য দিয়ে চলে গেলে সে পক্ষের বিরুদ্ধে গোল হয়। কোনো খেলোয়াড় নিয়ম ভঙ্গ করলে রেফারী বহিস্কারসূচক লালকার্ড দেখাতে পারে।

বিশ্বকাপ ফুটবল:

ফুটবল খেলা পৃথিবীতে এতটাই জনপ্রিয় যে, এটির শক্তিশালী একটি সংস্থা আছে। এ সংস্থাটির নাম ফিফা। বিশ্বকাপ অঙ্গনে ফুটবলের প্রথম পদার্পন ১৯৩০ সালে উরুগুয়েতে। বর্তমান বিশ্বকাপের নাম ফিফা বিশ্বকাপ।

বিশ্ব ফুটবলের তারকারা:
বর্তমানে ল্যাটিন আমেরিকার ফুটবল বিশ্ব ফুটবলে একটি নতুন মাত্রা সংযোজন করেছে। ব্রাজিল, আর্জেন্টিনা, উরুগুয়ে ফুটবলের প্রতি আমাদের দৃষ্টিভঙ্গি সম্পূর্ণ বদলে দিয়েছে ফুটবলের ঝটিকা গতিসম্পন্ন দৃষ্টিনন্দনরূপে। সেই সুবাদে আমরা ফুটবলের উজ্জ্বলতম দুর্লভ সৌভাগ্যের অধিকারী হয়েছে। তার ফলে ফুটবলের রাজা পেলে। ফুটবলের যুবরাজ বেকেন বাওয়ার, ম্যারাডোনা, প্লাতিনি, লোথার ম্যাথ্যুজ, ভোয়েলার, ক্লিন্সম্যান, রুডগুলিট, ভ্যান বাস্তেন, জিকো, রাজার মিল্লা, রোনালদো, মেসি, ক্রিশটিয়ানো রোনালদো আজ আমাদের ঘরের মানুষ, প্রিয় পরিজন।

উপকারিতা:
ফুটবল খেলার মধ্যে বেশ আনন্দ আছে। এ খেলা স্বাস্থের জন্য উপকারী। এতে দেহের সকল অংশ উত্তম রূপে পরিচালিত হয় বলে শরীরের অঙ্গ প্রত্যঙ্গ সমূহ সবল ও দৃঢ় হয়।

অপরিকতা:
ফুটবল খেলার অপকারিতাও আছে। অধিক সময় ধরে খেললে স্বাস্থের উপকার না হয়ে বরং অপকারই হয়ে থাকে। তাই এ খেলার প্রতিটি নিয়ম মেনে খেলা উচিৎ।

ফুটবল খেলার বিস্তার:
ফুটবল আধিপত্য আজ আমাদের জীবনের সর্বত্র। ফুটবল বর্তমান স্কুল-কলেজ, অফিস, দোকান, বাসে, হাটে-বাজারে, অলিতে গলিতে, মাঠে ময়দানে, বৈঠকখানায়, খাবার ঘরে এমনকি রান্না ঘরেও ঢুকে পড়েছে। নিজ নিজ খেলোয়াড়দের ক্রীড়া নৈপূণ্য নিয়ে ঘরে-বাইরে, মাঠে ময়দানে, পথে ঘাটে, বিভিন্ন স্থানে চলে তর্ক-বিতর্ক। প্রিয় ক্লাব বা দলের জয়লাভে চলে বাজি, ফাটে পটকা, মোড়ে ওড়ে ক্লাবের বিজয় নিশান,

উপসংহার:
ফুটবল খেলা একটি আনন্দদায়ক খেলা। এ খেলাটি সব বয়সী মানুষেরই প্রিয় খেল। ফুটবল আজ আমাদের জীবনের আনাচে কানাচে অবাধ এবং গৌরবময় প্রবেশাধিকার লাভ করেছে।

১৬.কম্পিউটার

ভূমিকা:

মানব কল্যাণে বিজ্ঞানের যেসব বিস্ময়কর অবদান রয়েছে তার মধ্যে একটি অনন্য নিদের্শনা হলো কম্পিউটার। এর দ্রুত উন্নয়ন, এর সীমাহীন উপযোগীতা, এর সমস্যা সমাধানের ব্যাপকতা এবং এ ধরনের বহুগুন কম্পিউটারকে আজকের দিনে করে তুলেছে মানুষের বিচিত্র কার্যক্রমের নিজসঙ্গী। মানব জীবনের দৈনন্দিন কার্যক্রম থেকে শুরু করে মহাশূন্যের গবেষণায় কম্পিউটারের ব্যবহার এখন অপরিহার্য হয়ে উঠেছে। জীবন যতই জটিল হচ্ছে, সমস্যা ততই প্রকট হচ্ছে। সেখানে সবকিছুই সহজে সমাধান করে দেওয়ার গুরু দায়িত্ব গ্রহণ করেছ কম্পিউটার।

কুম্পিউটার কী:

কম্পিউটার একটি ইলেক্ট্রিনিক্স যন্ত্র বিশেষ। কম্পিউটার শব্দটি ইংরেজি হলেও এটি ল্যাটিন শব্দ কম্পোট থেকে এসেছে। কম্পিউটার শব্দের অর্থ হলো গণনা করী যন্ত্র। কুম্পউটার এমন একটি ইলেকট্রনিক যন্ত্র যা অগানিত ডাটা বা উপাত্ত গ্রহণ করে স্বয়ংক্রিয় ভাবে বিশ্লেষণের মাধ্যমে অতি দ্রুতগতিতে সিদ্ধান্ত প্রদান করতে সক্ষম। কম্পিউটার একটি তথ্য সংগ্রহ ব্যবস্থার যন্ত্র। তার বিস্ময়কর ক্ষমতা আছে তথ্যাদর বিশ্লেষণে, তুলনা করায় আর সীদ্ধান্ত প্রদানে।

আবিষ্কার:

সাম্প্রতিককালে কম্পিউটার ব্যাপক জনপ্রিয়তা ও ব্যবহারোপযোগিতা অর্জন করলেও এর বর্তমান রূপ পরিগ্রহ করতে দীর্ঘ সময়ের প্রয়োজন পড়েছে। ১৪২ সালে গনিতবিদ ক্লেইলি মোগ বিয়োগ করতে সক্ষম এমন গণনাযন্ত্র প্রথম তৈরি করেন। ১৮১২ সালে চার্লস ব্যাবেজ প্রথম আধুনিক ক্যালকুলেটরের মূলনীতির পরিকল্পনা করেন। ১৯৪৪ সালে হাভার্ড বিশ্ববিদ্যালয় ও আই.বি.এম কোম্পউটার তৈরি হয়।

কম্পিউটারের গঠন:

কম্পিউটারের গঠনরীতির প্রতি লক্ষ করলে এর প্রধান দুটি দিক আমাদের নজরে পড়ে। একটি হলো এর যান্ত্রিক সরঞ্জাম ও অপটি হলো প্রোগ্রাম সরঞ্জাম।

শ্রেণি বিভাগ:

কম্পিউটার ব্যবহার বিচিত্র ধরণের বলে এর শ্রেণিভাগেও নানা বৈচিত্র্য বিদ্যমান। কম্পিউটারের গঠন বা আকৃতি, কাজের গতি ইত্যাদি বিভিন্ন দিক বিবেচনায় কম্পিউটারকে বিভিন্নভাবে ভাগ করা যায়। যেমন:- সুপার কুম্পিউটার, মেইনক্রেম কম্পিউটার, মিনি কম্পিউটার ও মাউক্রো কম্পিউটার, কাজের ধরণ ও পদ্ধতি অনুসারে কম্পিউটার কে তিন ভাগে ভাগ করা যায়। যথা:- ডিজিটাল কম্পিউটার এনালগ কম্পিউটার, হাইব্রিড কম্পিউটার।

শিক্ষাক্ষেত্রে ব্যবহার:

বর্তমানে শিক্ষাক্ষেত্রে কম্পিউটারের বিপুল ব্যবহার হয়ে থাকে। কম্পিউটারের মাধ্যমে শিক্ষার্থীদের সামনে প্রেজেন্টেশন এর মাধ্যমে পাঠের বিষয়গুলো শিক্ষার্থীদের সামনে সহজেই তুলে ধরা যায়। এছাড়াও শিক্ষার্থীদের নিবন্ধন ও রেজাল্টশীট তৈরি ও জমা রাখা হয় এর মাধ্যমে।

চিকিৎসাক্ষেত্রে ব্যবহার"

আজকাল চিকিৎসাক্ষেত্রে কম্পিউটার ব্যাপক উন্নতি সাধন করেছে। হাসপাতালে চিকিৎসাসেবা সম্পর্কিত সব ধরণের তথ্য সংরক্ষণ থেকে শুরু করে রোগীদের রোগগুলো নিখুঁত ভাবে নির্ণয় করা সম্ভব হচ্ছে শুধু কম্পিউটারের মাধ্যমে।

ব্যবসাক্ষেত্রে:

ব্যবসাক্ষেত্রে যেমন অফিস আদালত, ব্যাংক, বীমা এসব জায়গায় তথ্য সংরক্ষণ, হিসাব নিকাশ, টাকা লেনদেন সব প্রায় সব জায়গায় কম্পিউটারের ব্যবহার হচ্ছে।

বাংলাদেশে কম্পিউটার শিক্ষা:

বাংলাদেশে কম্পিউটার ব্যবহারের সূচনা হয় বিশশতকের ষাটের দশকে এবং নব্বই এর দশকের শুরু থেকে বাংলাদেশে আনুষ্ঠানিক ও প্রাতিষ্ঠানিকভাবে কম্পিউটার শিক্ষা শুরু হয়। বর্তমানে বাংলাদেশের অধিকাংশ সরকারি ও

বেসরকারি বিশ্ববিদ্যালয় সমূহে কম্পিউটার শিক্ষার জন্য বিভাগ চালুকরা হয়েছে। এমনকি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে কম্পিউটার শিক্ষাকে পাঠ্যক্রমের অন্তর্ভূক্ত করা হয়েছে।

কম্পিউটারেরজনিত বিভিন্ন সমস্যা:
একনাগারে অনেক্ষন কম্পিউটার চালালে, কিংবা মাত্রাতিরিক্ত কম্পিউটার ব্যবহারে চোখের ক্ষতি হতে পারে, মাথাব্যথাসহ অন্যান্য শারীরিক উপসর্গও দেখা দিতে পারে। অনেক সময় ভাইরাস আক্রমণে অথবা যান্ত্রিক ত্রুটির কারণে অথবা বৈদ্যুতিক গোলাযোগের গুরুত্বপূর্ণ তথ্য মুহুর্তেই নষ্ট হয়ে যেতে পারে। তবে এসব বিষয় কম্পিউটার ব্যবহার ও প্রযুক্তি গত দিকের ওপর নির্ভর করে।

কম্পিউটারের গুরুত্ব:
বর্তমান পৃথিবীর সর্বক্ষেত্রে কম্পিউটার ব্যবহার হচ্ছে। সামান্য কাজ থেকে শুরু করে জটিল কাজও কম্পিউটার সমাধান করতে পারে। রাশিয়া কম্পিউটার প্রযুক্তিতে এতো উন্নতি লাভ করেছে যে, সে দেশের কলকারখানার সব কাজ কম্পিউটার দ্বারা করানো হয়। আবার আমেরিকার ও কানাডার বড় বড় কৃষি খামারে কম্পিউটারের প্রচালন শুরু হয়েছে। গরু ছাগলকে খাওনোর জন্য কৃষকের কোনো কাজ করতে হয় না। সুইচ টিপ দিলেই খাবার এসে হাজির হয়। আধুনিক কালে মানুষের মহাকাশ বিজয়ের কাজে সর্বাদিক সহায়ক শক্তি হলো কম্পিউটার।

উপসংহার:
আধুনিক কালে মানবজাতির কল্যানের জন্য কম্পিউটারের অবদান অপরিসীম। কম্পিউটার মানবজাতির জন্য আর্শীবাদ স্বরুপ। তাই বিশ্ববাসীর শান্তি, নিরাপত্তা ও শ্বাচ্ছন্দ্যে জীবন যাপনে কম্পিউটার অভিশাপ নয় আর্শীবাদ হিসেবে সর্বজন স্বীকৃতি।

২০২০
শিক্ষাবর্ষ
৫ম শ্রেণি

ক্লাসে প্রথম জীবনে প্রথম

Cosmo School

A complete education under one roof